

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইন-১ শাখা

নং- ৫৪.০০.০০০০.০২৬.০৪.০০১.১৩-১০৯

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ, ১৪২৯
২৬ মে, ২০২২


প্রজ্ঞাপন

“রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১ (সংশোধিত)” এর গত ১৫ ফাল্গুন, ১৪২৮/২৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের ৫৪.০০০.০০০০.০২৬.০৪.০০১.১৩-৩৮ নং প্রজ্ঞাপনটির ও (ঘ) ধারা নিম্নরূপ সংশোধন করা হলো:

ধারা	বিদ্যমান	সংশোধিত
৩ (ঘ)	মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে/আপীল বিভাগে মামলা পরিচালনায় ১০ (দশ) বছরের অভিজ্ঞতা।	৩ (ঘ) (i) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; (ii) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং আপীল বিভাগে তালিকাভুক্তিসহ মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা সংশোধন করা হলো। যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(কাজী নিয়ামুল ইসলাম)
সহকারী সচিব

নং- ৫৪.০০.০০০০.০২৬.০৪.০০১.১৩-১০৯

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ, ১৪২৯
২৬ মে, ২০২২

অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল অফিস, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৭. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
৮. মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।